



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK

প্রধান কার্যালয়, ঢাকা

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মোহাম্মদ জাফর মিয়া, উপমহাব্যবস্থাপক ও GRS ফোকাল পয়েন্ট; আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা।

প্রধান অতিথি ও আলোচক: জনাব জেড.এম. হাফিজুর রহমান, মহাব্যবস্থাপক(অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

বিশেষ অতিথি (সহ আলোচকবৃন্দ): ০১. জনাব মোঃ শাহজাহান আকন্দ, আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ।

০২. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩. জনাব মোঃ জীপা সুলতানা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

স্থান: উপজেলা অডিটরিয়াম, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

তারিখ: ২৯ নভেম্বর-২০২২ সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক”

আনসার-ভিডিপি উন্নয়ন, কুলিয়ারচর শাখা, কিশোরগঞ্জে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে এ ব্যাংকের GRS ফোকাল পয়েন্ট ও উপমহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোহাম্মদ জাফর মিয়ার সভাপতিত্বে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, জনাব জেড.এম. হাফিজুর রহমান, মহাব্যবস্থাপক (অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিশেষ অতিথি তথা সহ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহজাহান আকন্দ, আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ ও জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ব্যাংকের এপিএ ব্যবস্থাপনা টিমের সদস্য ও সহকারী মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং জনাব জীপা সুলতানা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কিশোরগঞ্জ। পরিচয় পর্ব শেষে তিনি অংশীজনের সাথে সভা করার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরার পাশাপাশি GRS সম্পর্কে মতামত তুলে ধরেন।

অতঃপর বিশেষ অতিথিবৃন্দ জনাব মোঃ শাহজাহান আকন্দ, আঞ্চলিক ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ ও জনাব জাহাঙ্গীর আলম সহকারী মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ ও জীপা সুলতানা, আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুলিয়ারচর আলোচনায় অংশ গ্রহণ করেন। তারা উল্লেখ করেন যে, বর্তমান সরকার অফিস পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের জন্য অনেক উদ্যোগ গ্রহণ করেছেন, যেমন, এপিএ, শূদ্ধাচার, ই-গভর্নেন্স, ইনোভেশন ও তথ্য অধিকার আইন ২০০৯ ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা। এ সমস্ত কার্যক্রম গ্রহণ করে প্রত্যেকটি অফিসের কার্যক্রমকে জবাবদিহিতার আওতায় আনা হয়। বাৎসরিকভাবে এ সমস্ত কার্যক্রমকে মূল্যায়ন করা হয়। কাজেই এ সমস্ত কার্যক্রম অনেক বেশী গুরুত্বপূর্ণ।

প্রধান অতিথি ও আলোচক জনাব জেড.এম. হাফিজুর রহমান, মহাব্যবস্থাপক(অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, তিনি অংশীজনের নিকট GRS এর গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকও তাদের স্টেকহোল্ডারদের ভোগান্তি ও হয়রানি লাঘবের উদ্দেশ্যে GRS ব্যবস্থা চালু করেছে। সংস্কৃত যেকোন সদস্য তাদের অভিযোগ দাখিল করতে পারবেন। অভিযোগ জানানোর জন্য কার কাছে যাবেন এবং কিভাবে অভিযোগ দাখিল করবেন প্রতিকার না পেলে কিভাবে আপিল করবেন তা অবহিত করেন। এছাড়া আপনার বন্ধু বান্ধব, অন্যান্য সদস্য ও আত্মীয়-স্বজনকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন।

অতঃপর সভাপতি মহোদয় ও জিআরএস ফোকাল পয়েন্ট উপস্থিত স্টেকহোল্ডারদের নিকট হতে ব্যাংকের সেবার মান ও ভোগান্তির বিষয়ে নানাবিধ প্রশ্ন শ্রবণ করেন এবং একে একে সকলের প্রশ্নের সন্তোষজনক জবাব দেন।


চলমান পাতা-০২

C:\Users\user\Desktop\অভিযোগ কার্যবিবরণী.doc

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217
Telephone: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
Website: www.ansarvdpbank.gov.bd, E-mail: info@ansarvdpbank.gov.bd

উপস্থিত স্টেকহোল্ডারদের মধ্যে জনাব রাশেদা বেগম, আনোয়ারুল হক, মোস্তফার হোসন, নাজিম উদ্দীন, রশওনারা, ইয়াসমীন, জড়িনা বেগম, বাবিয়া বেগম, আঃ মাম্মান, নাম্মু মিয়া, আমিন উদ্দিন, রফিকুল ইসলামসহ উপস্থিত অনেক সদস্য তাঁদের অনুভূতি প্রকাশ করেন এবং বলেন, আজকের এই সভায় অভিযোগ প্রতিকার পাওয়ার বিষয়টি জেনে উপকৃত হয়েছেন।


পরিশেষে সভাপতি মহোদয়, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মেহাম্মদ জাফর মিয়া
উপমহাব্যবস্থাপক
ও
GRS ফোকাল পয়েন্ট

সংযুক্তি : ১. সভার নোটিশ

- ২) উপস্থিত স্টেকহোল্ডারদের উপস্থিতির হাজিরা
- ৩) স্টেকহোল্ডারদের অবহিতকরণ সভার তথ্যচিত্র

০১ ডিসেম্বর ২০২২

নং ২/২০/৪৫৬/ 

- ১। উপসচিব বীমা ও অভিযোগ অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, আনসার- ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রীম বিভাগ, আনসার- ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। বিভাগ প্রধান, আইসিটি, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। নথি।